

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব রিপন বিশ্বাস উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত) মঠবাড়ীয়া, পিরোজপুর।
স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময়	:	২৬/১১/২০১৯, বেলা ১২:০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)	:	রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি সভার শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। ১৯৭১-এ তারই আহবানে সাড়া দিয়ে সমগ্র বাঙালি জাতি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দীর্ঘ নয় মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ ও অসীম বীরত্ব প্রদর্শন করে মহান বিজয় অর্জন করে। তিনিই একমাত্র নেতা যিনি স্বাধীনতার স্বপ্ন দেখেছেন দেশের জনগনকেও স্বপ্ন দেখিয়েছেন এবং স্বাধীন বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন করেছেন। অতঃপর উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত জাতীয় কর্মসূচী এবং গত বছরের অত্র উপজেলার কর্মসূচী পাঠ করেন। জাতীয় কর্মসূচী ও গত বছরের কর্মসূচীর আলোকে মহান বিজয় দিবস-২০১৯ উদযাপনের বিস্তারিত কর্মসূচী গ্রহণের জন্য সকলের প্রতি অনুরোধ জানান।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে মহান বিজয় দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচী গ্রহণ করা হয়।

তারিখ	সময়	গৃহীত কর্মসূচী	স্থান
	সূর্যোদয়ের পূর্ব মুহূর্তে	৩১ বার তোপধ্বনির মাধ্যমে মহান বিজয় দিবসের শুভ সূচনা।	শহীদ মিনার চত্বর, মঠবাড়ীয়া পৌরসভা
	সূর্যোদয়ের সাথে সাথে	সকল সরকারী/আধা সরকারী/ স্বায়ত্বশাসিত/ব্যক্তি মালিকানাধীন ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন।	স্ব স্ব প্রতিষ্ঠান ও ভবনসমূহ
	সকাল- ০৬.৩০ মিনিট	পুষ্পস্তবক অর্পণ।	শহীদ মিনার চত্বর, মঠবাড়ীয়া পৌরসভা
	সকাল- ০৭.০০ মিনিট	শহীদদের বেদীতে পুষ্পস্তবক অর্পণ ও বিশেষ প্রার্থনা।	সূর্যমনি বধ্যভূমি
	সকাল- ০৮.৩০ মিনিট	আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন ও মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, স্কাউটস, গার্লস গাইড, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী এবং শিশু কিশোর সংগঠনের অংশগ্রহণে কুচকাওয়াজ।	শহীদ মোস্তফা খেলার মাঠ
	সকাল- ০৯.০০ মিনিট	শারীরিক কসরত ও ডিসপ্লে প্রতিযোগিতা।	শহীদ মোস্তফা খেলার মাঠ
	সকাল- ১১.০০ মিনিট	বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা ও আলোচনা সভা।	উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স
	দুপুর- ১১.৩০ মিনিট	চিত্রাংকন প্রতিযোগিতা ক গ্রুপ- ১ম শ্রেণি থেকে ২য় শ্রেণি খ গ্রুপ- ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি	সরকারি হাতেম আলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়
	দুপুর ১২.০০ মিনিট	কবিতা আবৃত্তি প্রতিযোগিতা ক গ্রুপ- ১ম থেকে ৫ম শ্রেণি, বিষয়ঃ একুশের কবিতা(আল মাহমুদ)। খ গ্রুপ- ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি, বিষয়ঃ স্বাধীনতা তুমি(শামসুর রহমান)। গ গ্রুপ- একাদশ থেকে স্নাতক, বিষয়ঃ স্বাধীনতা-এই শব্দটি কি ভাবে আমাদের হলো (নির্মলেন্দু গুন)।	সরকারি হাতেম আলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়
	দুপুর ১২.৩০ মিনিট	রচনা প্রতিযোগিতা ক গ্রুপ- ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয়ঃ বঙ্গবন্ধু ও বাংলাদেশ খ গ্রুপ- ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয়ঃ ডিজিটাল বাংলাদেশঃ স্বপ্ন ও বাস্তবতা গ গ্রুপ- একাদশ থেকে স্নাতক শ্রেণি, বিষয়ঃ মুক্তিযুদ্ধের চেতনায় আগামীর বাংলাদেশ	সরকারি হাতেম আলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়
	সুবিধামত সময়ে	জাতির শান্তি ও অগ্রগতি এবং মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে দোয়া/ প্রার্থনা।	স্ব স্ব প্রতিষ্ঠানে
	সুবিধামত সময়ে	হাসপাতাল ও এতিমখানাসমূহে উন্নতমানের খাবার পরিবেশন।	স্ব স্ব প্রতিষ্ঠানে
	বিকাল- ০৪.০০ মিনিট	প্রীতি ফুটবল প্রতিযোগিতা উপজেলা প্রশাসন ও বীর মুক্তিযোদ্ধা, বনাম সম্মানিত অতিথিবৃন্দ উপজেলা পরিষদ, পৌরসভা ও বনিক সমিতি। মিউজিকাল চেয়ার প্রতিযোগিতা সম্মানিত নারী অতিথিবৃন্দের অংশগ্রহণে।	শহীদ মোস্তফা খেলার মাঠ
	সন্ধ্যা- ০৬.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত	মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী।	শহীদ মিনার চত্বর, মঠবাড়ীয়া পৌরসভা